গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন
পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ
বিএসইসি ভবন, ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার, ঢাকা - ১২১৫

স্মারক নম্বর: ৩৬.৯৩.০০০০.০২১.১৬.০০১.২০.৫৩

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৯
০৭ জুলাই ২০২২

বিষয়: **'শিল্প উন্নয়ন ও গবেষণা সমন্বয় কমিটি (IDRCC)'তে** উন্নত ও যুগোপযোগী গবেষণা প্রস্তাব প্রেরণ ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী।

সূত্র: স্মারক নম্বর: ৩৬.৯৩.০০০০.০২১.১৬.০০১.২০.৪৯, তারিখঃ২৭/০৬/২০২২

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিএসইসি কর্তৃক 'শিল্প উন্নয়ন ও গবেষণা সমন্বয় কমিটি (IDRCC)'তে উন্নত ও যুগোপযোগী গবেষণা প্রস্তাব প্রেরণ ও বাস্তবায়নের নিমিত্ত সকল প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালকদের সমন্বয়ে গত ২৮/০৬/২০২২ইং তারিখ বিএসইসি'র পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে Zoom Application এ একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে সভার কার্যবিবরনী এতদসংগে প্রেরণ করা হলো।

১৩-৭-২০২২
মোহাম্মদ শাখাওয়াৎ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও বিভাগীয় প্রধান
ফোন: +৮৮০২৪৮১১০৩১৯
ফ্যাক্স: +৮৮০২৮১৮৯৬৪২
ইমেইল: gm-pl-dev@bsec.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন কেবলস লিমিটেড/ইষ্টার্ণ টিউবস লিমিটেড/বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরী লিঃ/গাজী ওয়্যারস্ লিঃ/জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং কোম্পনি লিমিটেড/প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড/ন্যাশনাল টিউবস লিমিটেড/ঢাকা স্টীল ওয়ার্কস লি./এটলাস বাংল

স্মারক নম্বর: ৩৬.৯৩.০০০০.০২১.১৬.০০১.২০.৫৩/১

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৯
০৭ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন

১৩-৭-২০২২
মোহাম্মদ শাখাওয়াৎ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও বিভাগীয় প্রধান

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন
১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা-১২১৫

তারিখঃ ৬ জুলাই ২০২২

বিষয়ঃ 'শিল্প উন্নয়ন ও গবেষণা সমন্বয় কমিটি (IDRCC)'তে উন্নত ও যুগোপযোগী গবেষণা প্রস্তাব প্রেরণ ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী।

| | |
|---|---|
| সভাপতি | বদরুন নাহার<br>পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| সভার স্থান | ভার্চুয়াল (Zoom Application) |
| সভার তারিখ ও সময় | ২৮ জুন ২০২২, দুপুর ১২.০০ ঘটিকা |
| সংযুক্ত | সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও বিভাগীয় প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন) সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। সভার শুরুতে IDRCC এর প্রেক্ষাপট এবং উন্নত ও যুগোপযোগী গবেষণার ক্ষেত্রে শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২.০ পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের বিভাগীয় প্রধান সভাকে অবহিত করেন যে, প্রতি ৩ (তিন) মাস অন্তর অন্তর শিল্প সচিব মহোদয়ের সভাপতিত্বে IDRCC'র সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ের প্রতিটি দপ্তর/সংস্থাকে বছরে কমপক্ষে ২ টি গবেষণাকর্ম সম্পাদন করতে হবে। এমতাবস্থায় বিএসইসি'র আওতাধীন প্রতিটি প্রতিষ্ঠান কর্তৃক বছরে কমপক্ষে ১ টি গবেষণার জন্য Concept Paper তৈরী করা প্রয়োজন। সভাপতি, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সকল অধীনস্ত প্রতিষ্ঠানকে নূন্যতম ১ টি গবেষণা প্রস্তাব প্রেরণ ও মন্ত্রণালয়ের সিদ্ধান্ত বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপের জন্য সকল ব্যবস্থাপনা পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

৩.০ পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের বিভাগীয় প্রধান সভাকে আরও অবহিত করেন যে, মন্ত্রণালয়ের প্রতিটি IDRCC'র সভার পূর্বে বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করতে হয়। প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্ট কর্মকর্তা না থাকায় বারবার ব্যবস্থাপনা পরিচালকগনের নিকট হতে বাস্তবায়ন অগ্রগতি নিতে হয়। এমতাবস্থায় প্রতিটি প্রতিষ্ঠান কর্তৃক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারনপূর্বক একটি টিম গঠন করা প্রয়োজন। সভাপতি, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সকল ব্যবস্থাপনা পরিচালককে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারনপূর্বক একটি টিম গঠন করে বিএসইসি'কে অবহিত করতে অনুরোধ করেন।

৪.০ পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের বিভাগীয় প্রধান সভাকে অবহিত করেন যে, শিল্প মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী প্রতিটি প্রতিষ্ঠানের গবেষণা কর্মের তথ্য (রিসার্স পেপার ও কনসেপ্ট নোট) এবং গবেষণাকর্ম/ গবেষণার Concept Paper সকলকে অবহিত করতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং ২০২২-২৩ অর্থ বছর থেকে সকল শিল্প প্রতিষ্ঠানে গবেষণা খাতে পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখতে হবে। উল্লেখ্য শিল্প মন্ত্রণালয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে গবেষণাকর্ম সম্পাদনের ক্ষেত্রে গবেষণার গুরুত্ব বিবেচনায় প্রয়োজনে অভিজ্ঞ ফার্ম বা বিশেষজ্ঞ গ্রুপকে আউটসোর্সিং করা যাবে। সভাপতি, সকল ব্যবস্থাপনা পরিচালককে এ খাতে অর্থ বরাদ্দ রাখতে নির্দেশনা প্রদান করেন।

৫.০ পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের বিভাগীয় প্রধান সভাকে অবহিত করেন যে, প্রতিটি প্রতিষ্ঠান নিজ নিজ প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য গবেষণা প্রস্তাব প্রেরণ করবেন। প্রতিষ্ঠান সমূহ প্রয়োজনে Challenges and

Opportunities for Post Covid-19 শিরোনামে গবেষণা সম্পাদন করতে পারবেন। শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদন, বিক্রয়, আমদানী ও রপ্তানিতে Covid-19 এর প্রভাব বিবেচনায় নিয়ে প্রতিটি প্রতিষ্ঠান প্রয়োজনে উক্ত শিরোনামে গবেষণা সম্পাদন করতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

৬.০ পরবর্তীতে ৪ (চার) টি প্রতিষ্ঠানের গবেষণার বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। জিইএমকোং লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, প্রতিটি ট্রান্সফরমারে ২ (দুই) ধরনের লস হয়। ক) No load loss খ) Full load loss। ট্রান্সফরমার চলমান অবস্থায় ২৪ ঘন্টা No load loss হয়ে থাকে। যা বাজারে বিদ্যমান কাঁচামাল (সিলিকন স্ট্রিপস) পরিবর্তন করে পরীক্ষা নিরীক্ষা করা যেতে পারে। কিন্তু বুয়েটে প্রফেসর ডঃ কামরুল হাসান উক্ত গবেষণার জন্য একটি সিমুলেশন সফটওয়্যার ডিজাইন করার পর সেই অনুযায়ী প্রোটোটাইপ উৎপাদন করে গবেষণা সম্পন্ন করার জন্য পরামর্শ প্রদান করায় বিষয়টি নিয়ে বেশিদূর অগ্রসর হওয়া সম্ভব হয়নি।

৭.০ ন্যাশনাল টিউবস লিঃ এর ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে জনাব মোহাম্মদ ফেরদৌস, উপ-প্রধান প্রকৌশলী (তড়িৎ) সভাকে অবহিত করেন যে, আধুনিক ইনসাইড বিড কাটারের অত্যাবশ্যকীয় "রাউন্ড টাইপ টাংস্টেন কার্বাইড কাটিং টুলস" স্থানীয় বাজারে পাওয়া না যাওয়া, কোভিড-১৯ এর সার্বিক নেতিবাচক প্রভাবের কারনে ও গত ১৯/০১/২০২২ তারিখ এর পর হতে চাহিদানুযায়ী কাঁচামালের সরবরাহ না থাকায় উৎপাদন বন্ধ বিধায় বিষয়টিতে অগ্রসর হওয়া সম্ভব হয়নি। প্রাথমিকভাবে অনুমানিক ৬.০০ (ছয়) লক্ষ টাকা খরচ নির্ধারন করা হলেও একটি ঠিকাদারী প্রতিষ্ঠান কাজটিতে ৩০.০০ (ত্রিশ) লক্ষ টাকা খরচ হতে পারে বলে ধারনা প্রদান করেন। এমতবস্থায় ২০২২-২৩ অর্থ বছরের জন্য এনটিএল কর্তৃক নতুন একটি বাস্তবায়নযোগ্য গবেষণা প্রস্তাব প্রেরণ করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

৮.০ গাজী ওয়্যারস লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক সভাকে অভিত করেন যে, কারখানা -১ এ স্থাপিত Vertical Enameling মেশিনের ভার্নিশ ফিল্টার মোডিফিকেশন করনের জন্য মেশিনের বর্তমান একবার ব্যবহার যোগ্য ইতালি থেকে আমদানিকৃত ফিল্টারের ফর্ম ফ্যাক্টর বিবেচনা করে একটি নকশা প্রস্তুত করা হয় এবং সে অনুযায়ী একটি প্রটোটাইপ প্রস্তুত করা হয়েছে যেখানে শুধু ফিল্টার কাপড় পরিবর্তন করে ব্যবহার করার ব্যবস্থা রাখা হয়েছে। বর্তমানে প্রটোটাইপটি সঠিক ভাবে কাজ করছে। প্রটোটাইপটি on test হিসাবে চালু রাখা হয়েছে। কাংখিত ফলাফল পাওয়া গেলে system টি স্থায়ীভাবে ব্যবহার করা হবে।

৯.০ "ইষ্টার্ণ টিউবস লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জানান যে, ইটিএল এর পণ্য বহুমুখীকরণের আওতায় এলইডি ব্যাটেন লাইট সংযোজন/ উৎপাদন" বিষয়ক একটি গবেষনার খসড়া কনসেপ্ট পেপার প্রস্তুত করা হয়েছে। খসড়া কনসেপ্ট পেপার অনুমোদন হলে গবেষনার বিস্তারিত তথ্য ইটিএল এর ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

সার্বিক আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | বিএসইসি'র আওতাধীন প্রতিটি প্রতিষ্ঠানকে কমপক্ষে ১ টি গবেষণার জন্য Concept Paper তৈরী করে আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে বিএসইসি'তে প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক (সকল) |
| ০২ | শিল্প উন্নয়ন ও গবেষণা কমিটি (IDRCC) তে গবেষণা প্রস্তাব প্রেরণের লক্ষ্য প্রতিটি প্রতিষ্ঠানকে ফোকাল পয়েন্ট নির্ধারনপূর্বক একটি টিম গঠন করে আগামী ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে বিএসইসি'তে প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক (সকল) |

| | | |
|---|---|---|
| ০৩ | মানসম্পন্ন গবেষণা ধারণাপত্র (Concept Paper) প্রস্তুতের লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠান হতে নূন্যতম একজনকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক (সকল) |
| ০৪ | গবেষণা কর্মের তথ্য (রিসার্চ পেপার ও কনসেপ্ট নোট) নিজ নিজ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক (সকল) |
| ০৫ | ২০২২-২০২৩ অর্থ বছর থেকে বিএসইসি'র সকল শিল্প প্রতিষ্ঠানে গবেষণা খাতে পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক (সকল) |
| ০৬ | গবেষণাকর্ম সম্পাদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান সমূহ গবেষণার গুরুত্ব বিবেচনায় প্রয়োজনে অভিজ্ঞ ফার্ম বা বিশেষজ্ঞ গ্রুপকে আউটসোর্সিং করতে পারবে। | ব্যবস্থাপনা পরিচালক (সকল) |
| ০৭ | প্রতিষ্ঠানসমূহের উৎপাদন, বিক্রয়, আমদানী ও রপ্তানিতে Covid-19 এর প্রভাব বিবেচনায় নিয়ে Challenges and Opportunities for Post Covid-19 শিরোনামে গবেষণা সম্পাদনের উদ্যোগ গ্রহন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক (সকল) |
| ০৮ | যেকোন গবেষণার Concept Paper সকলকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক (সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

06/09/22

(বদরুন নাহার)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন),
বিএসইসি

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ব্যবস্থাপনা পরিচালক (সকল)।
২। প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), নির্মান ও প্রকৌশল বিভাগ, বিএসইসি
৩। অতিঃ প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বিএসইসি।
৪। অতিঃ প্রধান প্রকৌশলী, ইস্পাত ও জাহাজ নির্মাণ বিভাগ, বিএসইসি।
৫। বিভাগীয় প্রধান, এমআইএস ও আইসিটি বিভাগ,বিএসইসি।
৬। উর্ধ্বতন সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান এর দপ্তর, বিএসইসি (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।